

উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি নং ০১/২০১৭-২০১৮

২০১৭-২০১৮ অর্থ বছরে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট-এর 'মনোহারি দ্রব্যাদি, বিবিধ সরবরাহ ও সেবা' খাতে সরবরাহকারী/ব্যক্তি প্রতিষ্ঠান নিযুক্তির লক্ষ্যে আগ্রহী ঠিকাদারগণের নিকট হতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।


ক্রমিক	দরপত্রের গুরুত্বপূর্ণ বিষয়	দরপত্রের বিস্তারিত বিবরণ
০১	মন্ত্রণালয়/বিভাগ	জনপ্রশাসন মন্ত্রণালয়
০২	সংগ্রাহক সত্তা	বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
০৩	সংগ্রাহক সত্তার নাম	কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪	সংগ্রাহক সত্তার কোড নং	০৭৪১-বিভাগীয় প্রশাসন
০৫	কাজের নাম	'মনোহারি দ্রব্যাদি, বিবিধ সরবরাহ ও সেবা' সরবরাহ।
০৬	দরপত্র আহ্বানের সূত্র	নং ০৫.৪৬.০০০০.০০৪.৩০.০০৫.১৭-৯৪১ (৫১) তারিখ : ২৩/০৭/২০১৭খ্রিঃ।
০৭	দরপত্র আহ্বানের তারিখ	২৩/৭/২০১৭খ্রিঃ।
০৮	সংগ্রহ পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি(OTM) (PPA-2006 ও PPR-2008 অনুসারে)
০৯	বাজেট ও টাকার উৎস	রাজস্ব খাত (Gov)
১০	সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	০৯/৮/২০১৭খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত।
১১	সিডিউল জমাদানের তারিখ ও সময়	১০/৮/২০১৭খ্রিঃ, দুপুর ১২-০০ ঘটিকা পর্যন্ত।
১২	দরপত্র খোলার তারিখ ও সময়	১০/৮/২০১৭খ্রিঃ, দুপুর ১২-৩০ ঘটিকার সময়।
১৩	দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান	(১) নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট (২) উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
১৪	দরপত্র গ্রহণের স্থান	নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
১৫	দরপত্র খোলার স্থান	কমিশনারের একান্ত সচিবের অফিস কক্ষ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
১৬	দরপত্র সিডিউলের মূল্য	৪,০০/- (চারশত) টাকা (অফেরতযোগ্য), নগদ।
১৭	দরপত্র জামানতের পরিমাণ ও বিবরণ	উদৃত মূল্যের ৩% (তিন ভাগ) হারে। 'কমিশনার, সিলেট বিভাগ, সিলেট'-এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে।
১৮	দরপত্র আহ্বানকারীর নাম, পদবী ঠিকানা	মো: আজম খান, অভিরিক্ত বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট। (ফোন:০৮২১-৮৪০২০০
১৯	বিশেষ নিদেশিকা	(১) দরপত্রের বিস্তারিত শর্তাবলী ও বিবরণ সিডিউল ফরমের সাথে বর্ণিত আছে। (২) দরপত্র সংক্রান্ত যে কোন তথ্য কার্যদিবসে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট-এর নেজারত শাখা হতে (অফিস চলাকালীন সময় পর্যন্ত) এবং www.sylhetdiv.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে। (৩) কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র বাতিল করার ক্ষমতা কমিশনার, সিলেট বিভাগ, সিলেট সংরক্ষণ করেন।

শর্তাবলী

সাধারণ শর্তাবলী :

- ০১। ২০১৭-২০১৮ অর্থ বছরে বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেটে মনোহারি দ্রব্যাদি, কম্পিউটার সামগ্রী ও বিবিধ সরবরাহ ও সেবা সরবরাহের নিমিত্তে প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারীগণ সিলমোহরকৃত মুখবন্ধ খামে দাখিল করবেন।
- ০২। দরপত্রসমূহ আগামী ১০/৮/২০১৭খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের নেজারত শাখায় রক্ষিত দরপত্র বাস্তব জমা দিতে হবে এবং ঐ দিনই (১০/৮/২০১৭খ্রিঃ তারিখ) বেলা ১২.৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।
- ০৩। দরপত্রদাতা কর্তৃক দরপত্রদাতার নাগরিকত্ব সনদপত্র, হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, টিন নম্বর সম্বলিত হালনাগাদ আয়কর পরিশোধ এর সনদপত্র, ব্যাংক সলভেন্স সার্টিফিকেট, ভ্যাট নিবন্ধন সার্টিফিকেট, ০১কপি পাসপোর্ট সাইজের ছবি, প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে সীল মোহরকৃত খামে দাখিল করতে হবে।
- ০৪। দরপত্রের সাথে দাখিলকৃত যেকোন মিথ্যা/ভুয়া কাগজপত্র দাখিলের জন্য আর্নেস্টম্যানি বাজেয়াপ্ত হবে এবং নির্বাচিত ব্যক্তি বা ফার্মের বিরুদ্ধে পরবর্তিতে যদি কোন জালিয়াতি প্রমাণিত হয় সে ক্ষেত্রে নিরাপত্তা জামানতের অর্থ বাজেয়াপ্তসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৫। দরদাতাগণকে তালিকায় উল্লেখিত সকল আইটেমের দর উল্লেখ করতে হবে। কোন আইটেমের দর উল্লেখ না করলে এবং দরপত্রে কোনধরনের ঘষামাজা বা উপরিলিখন অথবা কারেকটিং ফুইড ও অস্পষ্টতা থাকলে তা গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। অংক এবং কথায় যোগফলের মধ্যে অসামঞ্জস্য পরিলক্ষিত হলে কথার যোগফল কার্যকর হবে।
- ০৬। আমদানীকৃত মালামাল সরবরাহের ক্ষেত্রে কোম্পানীর/প্রতিষ্ঠানের বাংলাদেশস্থ এজেন্ট/প্রতিনিধির নিকট হতে মালামাল ত্রয় সংক্রান্ত

- ০৭। দরপত্র দাতা কর্তৃক আরোপিত কোন শর্ত গ্রহণযোগ্য নয়।
- ০৮। দরপত্র বা চুক্তি পত্রে বা ভাউচার ইত্যাদিতে প্রতিষ্ঠানের মালিককেই স্বাক্ষর করতে হবে। মালিকের অনুপস্থিতিতে বিল/ভাউচারে স্বাক্ষর করার নিমিত্ত তার মনোনীত প্রতিনিধিকে ক্ষমতা প্রদান সংক্রান্তে সনদপত্র দরপত্র আহ্বানকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন নিতে হবে।
- ০৯। কোন কারণ বশতঃ দরপত্র খোলার দিন অফিস বন্ধ থাকলে পরবর্তী কার্যদিবসে একই সময়ে ও নিয়মে দরপত্র গ্রহণ ও খোলা হবে।
- ১০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।
- ১১। দরপত্রের সকল কার্যক্রম প্রচলিত পাবলিক প্রকিউরমেন্ট আইন ও বিধিমালা অনুসৃত হবে।
- ১২। অত্র দপ্তরের চাহিদার প্রেক্ষিতে সময়ে সময়ে মালামাল সরবরাহ করতে হবে। বাজেট বরাদ্দ এবং প্রকৃত প্রয়োজনের ভিত্তিতে কার্যাদেশ প্রদান করা হবে।
- ১৩। অত্র দপ্তরের চাহিদার প্রেক্ষিতে সময়ে সময়ে মালামাল সরবরাহ করতে হবে।
- ১৪। মালামাল নিজ খরচে অফিসে পৌঁছে দিতে হবে। জরুরী প্রয়োজনে তাৎক্ষণিকভাবে চাহিত মালামাল অফিসে পৌঁছে দিতে হবে।
- ১৫। মালামাল অফিসে পৌঁছানো বাবদ পৃথক কোন বিল দাবী করা যাবে না।
- ১৬। কার্যাদেশে উল্লেখিত শর্ত মোতাবেক সময়ের মধ্যে চাহিত মালামাল সরবরাহ করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তসহ কর্তৃপক্ষ কার্যাদেশ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৭। নির্ধারিত সময়ের মধ্যে চাহিত মালামাল সরবরাহ করতে না পারলে কর্তৃপক্ষ সরবরাহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান এর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।
- ১৮। গুণগত মানের তারতম্যের কারণে সরবরাহকৃত মালামাল গৃহিত না হলে ঠিকাদার মালামাল নিজ খরচে পরিবর্তন করে গুণগত মালামাল সরবরাহে বাধ্য থাকবেন।
- ১৯। সরবরাহকৃত মালামাল গ্রহণের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ২০। দরপত্রের প্রতি পাতায় দরদাতার স্বাক্ষর থাকতে হবে।
- ২১। সরবরাহকৃত মালামাল গৃহীত হওয়ার পর বিল দাখিল করতে হবে।
- ২২। ক্রয়কারী কর্তৃপক্ষ প্রয়োজনানুসারে দ্রব্যের পরিমাণ হ্রাস-বৃদ্ধিকরণ এবং ক্রয় চুক্তির মেয়াদ বর্ধিত করণের ক্ষমতা সংরক্ষণ করেন।
- আর্থিক শর্তাবলী :**
- ০১। দরপত্রের সাথে উদৃত দরের শতকরা ৩% (তিন ভাগ) হারে অর্থ আর্নেস্ট মানি হিসেবে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট (ফেরত যোগ্য) কমিশনার, সিলেট বিভাগ, সিলেট এর অনুকূলে জমা প্রদান করতে হবে।
- ০২। সরকারী আদেশ/অনুযায়ী সরবরাহকারীর প্রাপ্য বিল হতে আয়কর, ভ্যাট (প্রযোজ্য ক্ষেত্রে, প্রযোজ্য হারে) ও অন্যান্য (যদি থাকে) কর্তন করা হবে।
- ০৩। সফলকাম দরদাতাকে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তিপত্র সম্পাদন করতে হবে। স্ট্যাম্পের মূল্য দরদাতাকে বহন করতে হবে।
- ০৪। সফলকাম দরদাতাকে “নোটিফিকেশন অব এওয়ার্ড”-এ উল্লেখিত পরিমাণ অর্থ কমিশনার, সিলেট বিভাগ, সিলেট এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে জামানত হিসাবে প্রদান করতে হবে যা ২০১৭-২০১৮ অর্থ বছর সমাপ্তির পর সন্তোষজনকভাবে কার্যসম্পাদন শেষে ফেরত প্রদান করা হবে।
- ০৫। বাজেট বরাদ্দ সাপেক্ষে সংশ্লিষ্ট খাত হতে সরবরাহকৃত মালামালের বিল পরিশোধ করা হবে।
- বিশেষ শর্তাবলী :**
- ০১। সরবরাহকৃত সকল পার্টস/আইটেমের ক্ষেত্রে ওয়ারেন্টি/গ্যারান্টির প্রত্যয়নপত্র দিতে হবে।
- ০২। সরবরাহকারী নিজ খরচে সরবরাহকৃত যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম অফিস সরঞ্জাম ইন্সটল/সেটিং করে দিবেন এবং উল্লেখিত মেয়াদে বিক্রয়োত্তর সেবা দিতে বাধ্য থাকবেন।


 (মো: আকবর হোসেন)
 অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সাবিক)
 সিলেট বিভাগ, সিলেট
 ফোন : ০৮২১-৮৪০২০০